উন্নিখিত স্থানটি হলো সুন্দরবন। সাবিজা সুন্দরবনে বেড়াতে গিয়ে দেখল সুন্দরী, গরান, কেওড়া, গোলপাতা ইত্যাদি গাছের মূল মাটির উপরে উঠে এসেছে। জোয়ার-ভাটার কারণে এ অঞ্চলের মাটির লবণ্যাকৃতা বেশি। এ বনের মাটিও বেশ কর্দমাকৃ। কাজেই এর ভেতর দিয়ে বাতাস সহজে চলাচল করতে পারে না। তাই এখানকার উন্ডিদের মূল মাটির নিচে না গিয়ে খাড়াভাবে মাটির ওপরে উঠে আসে। এসব মূলের আগায় অসংখ্য ছিদ্র থাকে যার সাহায্যে উন্ডিদ শুসনের জন্য বাতাস থেকে সরাসরি অঙ্গীজন গ্রহণ করে।

অতএব, উপরিউক্ত কারণেই উন্ডিদের মূল মাটির ওপরে উঠে আসে।


ঘ. উদ্বীপকে উন্নিখিত স্থানের ভারসাম্য রক্ষায় জীবগুলোর মধ্যে একটি বাস্তুতন্ত্র কিয়া করে, যার গুরুত্ব অপরিসীম।

উদ্বীপকে উন্নিখিত স্থান হলো সুন্দরবন যার বৈশিষ্ট্য অন্যান্য বনভূমি থেকে আলাদা। এ বনের উন্নেখযোগ্য উন্ডিদ হলো সুন্দরী, গরান, গেওয়া, কেওড়া ইত্যাদি। এরা এ বনের উৎপাদক। এ বনের উন্নেখযোগ্য প্রাণী রয়েল বেঙ্গল টাইগার, চিতা বাঘ, বানর, কুমির, সাপ, পাখি এবং কীটপতঙ্গ। পোকামাকড়, পাখি, মুরগি, হরিণ এ বনের প্রথম স্তরের খাদক। বানর, কচ্ছপ, সারস ইত্যাদি দিতীয় স্তরের খাদক। এ বনের তৃতীয় স্তরের খাদকদের মধ্যে রয়েছে বাঘ, শূকর ইত্যাদি। এসবের মধ্যে শূকর সর্বভুক।

এ বনে বাঘের খাদ্য হলো হরিণ ও শূকর। এদের সংখ্যা বেড়ে গেলে বাঘের সংখ্যা বৃদ্ধি পায়। কারণ বাঘ প্রচুর খাদ্য পাবে। আবার বাঘের সংখ্যা বৃদ্ধি পেলে হরিণ ও শূকরের সংখ্যা কমে যায়। এদের সংখ্যা কমে গেলে বাঘের খাদ্যাভাব দেখা দেয়। ফলে বাঘের সংখ্যাও কমে যায়। আবার বাঘের সংখ্যা যদি কমে যায় তবে হরিণ ও শূকরের সংখ্যা বেড়ে যায়। এভাবে ত্রাস-বৃদ্ধির ফলে ঐ এলাকার বাস্তুতন্ত্রের ভারসাম্য প্রাকৃতিকভাবে নিয়ন্ত্রিত হয়।

অতএব, উপরিউক্ত আলোচনা থেকে দেখা যাচ্ছে যে, উদ্বীপকে উন্নিখিত স্থানের ভারসাম্য রক্ষায় জীবগুলোর মধ্যে স্ফট বাস্তুতন্ত্রের গুরুত্ব অপরিসীম।

| নিচের উদ্বীপকটি পড়ে পশ্চাগুলোর উত্তর দাও :



ক. উৎপাদক কী?

১

খ. খাদ্যজাল কী? ব্যাখ্যা কর।

২

গ. উদ্বীপকের তথ্যানুসারে সুন্দরবনের বাস্তুতন্ত্র আলোচনা কর।

৩

ঘ. উদ্বীপকের 'S' সকল শক্তির উৎস- বিশ্লেষণ কর।

৪

#### ►► ৭নং প্রশ্নের উত্তর ►►

ক. উৎপাদক হলো সবুজ উন্ডিদ যারা নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে।

খ. সূজনশীল ২ (খ) নং উন্ডর দেখ।

গ. সূজনশীল ৬ (ঘ) নং উন্ডরের অনুরূপ।

ঘ. উদ্বীপকের S হলো সূর্য। যা মূলত প্রকৃতি ও পরিবেশের সকল শক্তির উৎস।

বাস্তুতন্ত্রে সবুজ উন্ডিদ হলো উৎপাদক। প্রাথমিক স্তরের খাদক বা তৃণভোজী খান্দের জন্য উৎপাদকের ওপর নির্ভরশীল। সূর্য থেকে প্রাপ্ত শক্তি যা উৎপাদকের দেহে সঞ্চিত থাকে তা প্রাথমিক স্তরের খাদকের দেহেও প্রবাহিত হয় যখন তারা প্রথম স্তরের খাদকদের খায়।

উদ্দিপকের খাদ্যশৃঙ্খলেও দেখা যায় গ্লাসোসী প্রথম স্তরের খাদক তৃণতোজী খাদকদের থেকে শক্তি সম্প্রাহ করে থাকে। তাইলে সবুজ উষ্ণিদের মাধ্যমেই সূর্যশক্তি থেকে সৃষ্টি রাসায়নিক শক্তি বিভিন্ন প্রাণীতে খাদ্যশৃঙ্খলের মাধ্যমে স্থানান্তরিত হয়। এ প্রক্রিয়া চলার সময় সবুজ উষ্ণিদের বিভিন্ন ধরনের প্রাকৃতিক যৌগ যেমন : পানি, নাইট্রোজেন, কার্বন ডাইঅক্সাইড, আয়রন, সালফার ইত্যাদি ব্যবহার করে। অর্ধাং প্রাকৃতিক প্রক্রিয়ায় সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়। এ থেকেই বোঝা যায় পৃথিবীতে বসবাসকারী সকল জীবই সূর্যের আলোর ওপর নির্ভরশীল। অতএব, দেখা যাচ্ছে যে, উদ্দিপকের S তথা সূর্যই সকল শক্তির উৎস।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশংসনোর উভয় দাও :



- ক. খাদ্যজাল কী?  
খ. বিয়োজক কী—ব্যাখ্যা কর।  
গ. চিত্রে উল্লিখিত জলজ বাস্তুতন্ত্র বর্ণনা কর।  
ঘ. চিত্রের সামগ্রিক শক্তির প্রবাহ আলোচনা কর।

৪৮ প্রশ্নের উত্তর

- ক. বাস্তুতন্ত্রে বিভিন্ন প্রজাতির দ্বারা আন্তঃ-সম্পর্কযুক্ত অনেকগুলো খাদ্যশৃঙ্খলকে একত্রে খাদ্যজাল বলে।  
 খ. সূজনশীল ১(খ) নং উন্নত দেখ।  
 গ. চিত্রে জলজ বাস্তুতন্ত্রের একটি স্বয়ংসম্পর্ক উদাহরণ দেখানো হয়েছে।


এতে আছে অজীব ও জীব উপাদান। অজীব উপাদানের মধ্যে রয়েছে পৃষ্ঠিভাস্তুর ও সূর্যালোক। জীব উপাদানের মধ্যে আছে উৎপাদক, প্রথম স্তরের খাদক, দ্বিতীয় স্তরের খাদক ও নানা রকমের বিয়োজক।

চিরে, জলজ বাস্তুতন্ত্রে যারা উৎপাদক তারা সূর্যালোক ও পৃষ্ঠিভাঁড়ারের সাহায্যে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য তৈরি করে। যার উপর অন্যান্য সকল প্রাণী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল। জলজ বাস্তুতন্ত্রে উৎপাদক ফাইটোপ্লাস্টকটন নামে পরিচিত। এতে ক্ষুদ্র ক্ষুদ্র অণুবীক্ষণিক প্রাণীও থাকে। এরা জুয়োপ্লাস্টকটন নামে পরিচিত। ছেট মাছ যারা জুয়োপ্লাস্টকটনদের খায় তারা প্রথম স্তরের খাদক। আবার এদেরকে যারা খায় আরও একটু বড় মাছ এরা দ্বিতীয় স্তরের খাদক। এদের মাঝে যাবার পর ব্যাকটেরিয়া, ছত্রাক বিয়োজকের কাজ করে। বিয়োজিত দ্ব্যাদিদ্বাৰা আবার পৃষ্ঠিভাঁড়ার হিসেবে উৎপাদক গ্রহণ করে।

এভাবে চিত্রের বাস্তুতন্ত্রে একটি খাদ্যশৃঙ্খল গড়ে উঠেছে।

- ঘ. চিত্রের বাস্তুতন্ত্রে দুটি খাদ্যশৃঙ্খল পরম্পরকে বেধে রেখে খাদ্যজাল গঠন করেছে। এদের শক্তির মূল উৎস সৃষ্টি।  
 সবুজ উষ্ণিদের মাধ্যমেই সৃষ্টি থেকে সৃষ্টি রাসায়নিক শক্তি বিভিন্ন প্রাণীতে খাদ্যশৃঙ্খলের মাধ্যমে স্থানান্তরিত হয়। উৎপাদক থেকে আরম্ভ করে সর্বোচ্চ খাদক পর্যন্ত শক্তি রূপান্তরের সময় প্রতিটি ধাপে শক্তি হ্রাস পেতে থাকে। তাইলে দেখা যায় উৎপাদক থেকে শক্তি যায় তৃণভেজী প্রাণীর দেহে। সেখান থেকে দ্বিতীয় স্তরের খাদক এবং দ্বিতীয় স্তরের খাদক থেকে যায় সর্বোচ্চ খাদকে। এভাবেই শক্তি প্রবাহ চলতে থাকে। প্রতি স্তরে শক্তি হ্রাস পেলেও বিয়োজক যথন বিভিন্ন মৃত জীবে বিক্রিয়া ঘটায় তখন অজৈব পুষ্টিদ্রব্য পরিবেশে মৃক্ত হয়ে পুষ্টিভাবারে জমা হয়। যা আবার সবুজ উষ্ণিদ কাজে লাগায়।  
 এ থেকে প্রমাণিত হয় যে চিত্রের বাস্তুতন্ত্রে পুষ্টিদ্রব্য চৰকারারে প্রবাহিত হয় এবং শক্তিপ্রবাহ একমুখী।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশংসুলোর উভয় দাও :



- क. खाद्यक की?

খ. ম্যানগ্রোভ বনের উষ্ণিদের মূল মাটির নিচে না গিয়ে উপরে উঠে আসে কেন?

২

গ. উদ্বীপকের বাস্তুসংস্থানটি বর্ণনা কর।

৩

ঘ. উদ্বীপকের শক্তির প্রবাহ বিশ্লেষণ কর।

#### ১৯ প্রশ্নের উত্তর


ক. যে সকল প্রাণী উষ্ণিদ থেকে পাওয়া জৈব পদার্থ খাদ্য হিসেবে ব্যবহার করে বা অন্য কোন প্রাণী থেকে জীবন ধারণ করে তারাই খাদক।

খ. জোয়ার ভাটার কারণে ম্যানগ্রোভ অঞ্চলের মাটির লবণ্যতা বেশি এবং এ মাটি বেশ কর্দমাক্ত। এজন্য, মূল মাটির নিচে না গিয়ে খাড়াভাবে মাটির উপরে উঠে আসে। এসব মূলের আগায় অসংখ্য ছিদ্র থাকে যার সাহায্যে উষ্ণিদ শুসনের জন্য বাতাস থেকে সরাসরি অক্সিজেন গ্রহণ করে।

গ. সৃজনশীল ৮ (গ) নং উত্তরের অনুরূপ।

ঘ. সৃজনশীল ৮ (ঘ) নং উত্তরের অনুরূপ।

| নিচের উদ্বীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. খাদ্যজাল কাকে বলে?

১

খ. বিয়োজক কী? ব্যাখ্যা কর।

২

গ. উদ্বীপকের রেখাচিত্রটি ব্যাখ্যা কর।

৩

ঘ. উদ্বীপকের রেখাচিত্রে ঘাসফড়িঙের উপন্দুর বেড়ে গেলে উদ্ভূত পরিস্থিতি বিশ্লেষণ কর।

৪

#### ১০ প্রশ্নের উত্তর

ক. বাস্তুতন্ত্রে বিভিন্ন প্রজাতির দ্বারা আন্তঃসম্পর্কযুক্ত অনেকগুলো খাদ্যশৃঙ্খলকে একত্রে খাদ্যজাল বলে।

খ. সৃজনশীল ১(খ) নং উত্তরের অনুরূপ।


গ. উদ্বীপকের রেখাচিত্রে একটি খাদ্যশৃঙ্খল দেখানো হয়েছে। বৈচে থাকার জন্য এরা একে অন্যের ওপর বিভিন্নভাবে নির্ভরশীল।

রেখাচিত্রে সবুজ উষ্ণিদ সৌর-শক্তিকে ধারণ করে কার্বন ডাইঅক্সাইডের সাহায্যে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য তৈরি করে। রেখাচিত্রে উৎপন্দক হচ্ছে সবুজ উষ্ণিদ। এদের খায় প্রথম স্তরের খাদক ঘাসফড়িং। এদেরকে আবার খায় দ্বিতীয় স্তরের খাদক ব্যাঙ। এদেরকে আবার সাপ খায়, এরা তৃতীয় স্তরের খাদক। এদের আবার ঝগলে খায়। এটি সর্বোচ্চ খাদক।

ঘ. উদ্বীপকের রেখাচিত্রে দেখানো খাদ্যশৃঙ্খলে ঘাসফড়িং, ব্যাঙ, সাপ, ঝগল ইত্যাদি বাস করে। এতে ঘাসফড়িঙের খাদ্য হলো সবুজ উষ্ণিদ। এর উপন্দুর বেড়ে গেলে ব্যাঙের সংখ্যা বৃদ্ধি পাবে। কারণ ব্যাঙ প্রচুর খাদ্য পাবে। আবার ঘাসফড়িং বেড়ে যাবার ফলে সবুজ উষ্ণিদ কমে যাবে। সবুজ উষ্ণিদ কমে গেলে ঘাসফড়িঙের খাদ্যভাব দেখা দিবে। ফলে ব্যাঙের সংখ্যাও কমে যাবে। আবার ব্যাঙের সংখ্যা যদি কমে যায় তবে ঘাসফড়িং-এর সংখ্যা বেড়ে যাবে। এভাবে হাস-বৃদ্ধির ফলে উক্ত খাদ্যশৃঙ্খলের ভারসাম্য প্রাকৃতিকভাবে নিয়ন্ত্রিত হবে।

প্রাকৃতিকভাবে যেকোনো জীবের সংখ্যা হঠাতে করে বেশি বাঢ়তে পারে না। খাদ্য শৃঙ্খলের মাধ্যমে প্রতিটি জীবের পরম্পরার সাথে সম্পর্কযুক্ত। সহজে এর কোনো একটি অংশ একেবারে শেষ হতে পারে না। কোনো একটি পরিবেশে বিভিন্ন স্তরের জীব সম্পন্নভাবে অনুপোত মোটামুটিভাবে অপরিবর্তিত থাকে। অতএব, দেখা যাচ্ছে যে উদ্বীপকের রেখাচিত্রে ঘাসফড়িঙের উপন্দুর বেড়ে গেলে সাময়িকভাবে প্রাকৃতিক ভারসাম্য ক্ষতিগ্রস্ত হবে তবে শেষ পর্যন্ত উদ্ভূত পরিস্থিতি পুনরায় ভারসাম্যপূর্ণ হয়ে যাবে।

| নিচের উদ্বীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ফাইটোপ্লাজ্মটন কী?

১

খ. উৎপন্দক বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

২

গ. 'S' এর শক্তি কীভাবে 'B'-তে পৌছায়? ব্যাখ্যা কর।

৩


ঘ. উদ্দীপকের উপাদানগুলোর হ্রাস-বৃদ্ধি পরিবেশকে প্রভাবিত করে-বিশ্লেষণ কর।

৪

#### ► ১১নং প্রশ্নের উত্তর ►

- ক. ফাইটোপ্লাজ্মটন হলো পানিতে ভাসমান নানা ধরনের ক্ষুদ্র ক্ষুদ্র আণুবীক্ষণিক উচ্চিদ।
- খ. উৎপাদক বলতে সবুজ উচ্চিদ বোঝায় যারা নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে। যারা উৎপাদক তারা সূর্যের আলোর উপস্থিতিতে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য তৈরি করে। যার ওপর বাস্তুতন্ত্রের অন্যান্য সকল প্রাণী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল।
- গ. S হলো সূর্য এবং B হলো দ্বিতীয় স্তরের খাদক। S থেকে B তে শক্তি পৌছায় খাদ্যশৃঙ্খলের শক্তিপ্রবাহের মাধ্যমে।  
 চিত্রে একটি জলজ বাস্তুতন্ত্র দেখানো হয়েছে যেখানে উৎপাদক হলো ফাইটোপ্লাজ্মটন বা ক্ষুদ্র জলজ উচ্চিদ। এদের দেহে S এর শক্তি সঞ্চিত থাকে। এসব ফাইটোপ্লাজ্মটনকে খায় জলজ অণুজীব বা জু-প্লাজ্মটন। ছোট ছোট মাছ বা প্রথম স্তরের খাদক এসব প্লাজ্মটন খায় বলে তাদের দেহে এই শক্তি সঞ্চারিত হয়। আবার বড় মাছগুলো খায় B অর্থাৎ একটু বড় মাছেরা যারা দ্বিতীয় স্তরের খাদ্য। ফলে সূর্যের শক্তি তাদের মধ্যেও পৌছায়। এভাবেই শক্তির প্রবাহ চলতে থাকে।  
 অতএব, S বা সূর্যের শক্তি B বা দ্বিতীয় স্তরের খাদকে পৌছায় খাদ্যশৃঙ্খলের শক্তি প্রবাহের মাধ্যমে।
- ঘ. উদ্দীপকের উপাদানগুলোর হ্রাস-বৃদ্ধি পরিবেশকে প্রভাবিত করে। যেহেতু বাস্তুতন্ত্রের প্রতিটি উপাদানই পরম্পরের ওপর নির্ভরশীল তাই তাদের হ্রাস-বৃদ্ধি পরিবেশকে প্রভাবিত করে।
- উদ্দীপকের বাস্তুতন্ত্রেও এ বিষয়টি প্রযোজ্য। পুরুরের বা জলজ বাস্তুতন্ত্রে সবুজ উচ্চিদ বা উৎপাদক, জু-প্লাজ্মটন, ছোট মাছ, বড় মাছ, অণুজীব ইত্যাদি বাস করে। জু-প্লাজ্মটন ও ছোট মাছের সংখ্যা বেড়ে গেলে বড় মাছের সংখ্যাও বৃদ্ধি পাবে। কারণ বড় মাছ প্রচুর খাদ্য পাবে। আবার বড় মাছের সংখ্যা বৃদ্ধি পেলে ছোট মাছ ও জু-প্লাজ্মটনের সংখ্যা কমে যাবে। এদের সংখ্যা কমে গেলে বড় মাছের খাদ্যভাব দেখা দিবে। ফলে বড় মাছ ও জু-প্লাজ্মটনের সংখ্যা বেড়ে যাবে। এভাবে হ্রাস-বৃদ্ধির ফলে পরিবেশের ভারসাম্য প্রাকৃতিকভাবে নিয়ন্ত্রিত হয়।
- উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে দেখা যায় যে, উদ্দীপকের বাস্তুতন্ত্রের উপাদানগুলোর হ্রাস-বৃদ্ধি পরিবেশকে প্রভাবিত করে।

| নিচের চিত্রটি শক্তি কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র: X

- ক. বাস্তুতন্ত্র কাকে বলে?
- খ. খাদ্যশৃঙ্খল বলতে কী বুঝায়?
- গ. উদ্দীপকের 'X' উপাদানটি ব্যাখ্যা কর।
- ঘ. উদ্দীপকের 'P' প্রাণীটি সর্বভুক-যুক্তিসহ মতামত দাও।

১

২

৩

৪

#### ► ১২নং প্রশ্নের উত্তর ►


- ক. যেকোনো একটি পারবেশের অজীব এবং জীব উপাদানসমূহের মধ্যে পারম্পরিক কিয়া, আদান-পদান ইত্যাদির মাধ্যমে পরিবেশে যে তন্ত্র গড়ে ওঠে তাকে বাস্তুতন্ত্র বলে।
- খ. সূজনশীল ৪(খ) নং উক্তর দেখ।
- গ. উদ্দীপকে চিহ্নিত 'X' উপাদানটি উপাদানটি হলো সবুজ উচ্চিদ যা বাস্তুতন্ত্রের উৎপাদক।  
 সবুজ উচ্চিদ সূর্যালোকের উপস্থিতিতে নিজের খাদ্য নিজেরা তৈরি করতে পারে সেজন্য তাদের উৎপাদক বলে। এরা সূর্যের আলোর উপস্থিতিতে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য তৈরি করে শক্তি উৎপন্ন করে। এ উৎপাদককে ১ম স্তরের খাদক, ১ম স্তরের খাদককে ২য় স্তরের খাদক, ২য় স্তরের খাদককে ৩য় স্তরের খাদক ভক্ষণ করে শক্তি সঞ্চয় করে।  
 অর্থাৎ X উপাদানটি বা উৎপাদক বাস্তুতন্ত্রের অন্যান্য সকল প্রাণী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাঁচিয়ে রাখে।

ঘ. উদ্দীপকে 'P' প্রাণীটি সর্বভূক। কারণ, এটি সকল স্তরের খাবারই খায়।

'P' প্রাণীটি প্রথমে সবুজ উদ্ভিদ বা উৎপাদককে খাবার হিসেবে গ্রহণ করে। আবার P প্রাণীটি ১ম ও ২য় স্তরের খাদকদের খাবার হিসেবে গ্রহণ করে। অর্থাৎ P প্রাণীটি একাধিক স্তরের খাবার খায়। আর যে সকল প্রাণী একাধিক স্তরের খাবার খায় তাদের সর্বভূক প্রাণী বলে।

সুতরাং বলা যায়, P প্রাণীটি সর্বভূক।

| নিচের চিত্রটি শক্ত কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. বাস্তুতন্ত্রে কয় ধরনের খাদক রয়েছে?

১

খ. পুরুরের বাস্তুতন্ত্র একটি স্বয়ংসম্পূর্ণ একক— ব্যাখ্যা কর।

২

গ. চিত্রটি অঙ্কন করে বাস্তুতন্ত্রের বিভিন্ন উপাদান চিহ্নিত কর।

৩

ঘ. ফাইটোপ্লাঞ্জক্টন না থাকলে চিত্রের বাস্তুতন্ত্রে ক্ষেত্রে কী ঘটবে? বিশ্লেষণ কর।

৪

#### ► ১৩নং প্রশ্নের উত্তর ►

ক. বাস্তুতন্ত্রে তিনি ধরনের খাদক রয়েছে।

খ. পুরুরের পানিতে বসবাসকারী ফাইটোপ্লাঞ্জক্টন সৃষ্টালোকের উপস্থিতিতে বিভিন্ন অংশের উপাদানের সাহায্যে সালোকসংশ্লেষণ পদ্ধতিতে খাদ্য উৎপাদন করে। প্রথম স্তরের খাদক, দ্বিতীয় স্তরের খাদক এবং তৃতীয় স্তরের খাদকরা ধাপে ধাপে নিম্নস্তরের খাদকদের ভক্ষণ করে। এভাবে পুরুরের বাস্তুতন্ত্রের জীবগুলো পরম্পরাগত পদ্ধতিতে সংজোগ করে।

গ. সৃজনশীল ৪ (গ) নং উত্তর দেখ।

ঘ. ফাইটোপ্লাঞ্জক্টন না থাকলে চিত্রের বাস্তুতন্ত্র তেওঁে পড়বে।

চিত্রে একটি পুরুরের বাস্তুতন্ত্র দেখানো হয়েছে যা একটি জলজ বাস্তুতন্ত্র। পুরুরের পানিতে ভাসমান ও সঞ্চারমান ক্ষুদ্র ক্ষুদ্র আণুবীক্ষণিক উদ্ভিদকে ফাইটোপ্লাঞ্জক্টনগুলো (সবুজ উদ্ভিদ) উৎপাদক। এরা সৃষ্টালোকের সাহায্যে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করে। প্রথম স্তরের খাদক এদেরকে খাদ্য হিসেবে গ্রহণ করে। প্রথম স্তরের খাদককে আবার দ্বিতীয় স্তরের খাদক এবং দ্বিতীয় স্তরের খাদককে তৃতীয় স্তরের খাদকরা খাদ্য হিসেবে গ্রহণ করে। ফাইটোপ্লাঞ্জক্টন না থাকলে পুরুরের প্রথম স্তরের খাদকরা খাদ্য পাবে না। এতে, দ্বিতীয় ও তৃতীয় স্তরের খাদকদেরও খাদ্যগ্রহণ অনেকাংশে অসম্ভব হয়ে পড়বে। ফলে পুরো বাস্তুসম্হানের খাদ্যশৃঙ্খলের ভারসাম্য বিন্ধুত হবে।

অতএব ফাইটোপ্লাঞ্জক্টন না থাকলে চিত্রের বাস্তুতন্ত্রে অস্তিত্ব নষ্ট হতে পারে।

| নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

একটি বনভূমিতে আছে ঘাস এবং সে বনে বাস করে ঝরণোশ, সাপ, ফড়িং, ইনুন, ব্যাঙ, শিরিনিটি ও বাজপাখি।

ক. খাদ্যজাল কী?

১

খ. খাদক ও বিয়োজকের মধ্যে ২টি পার্থক্য নেব।

২

গ. উদ্দীপকে কয়টি খাদ্যশৃঙ্খল আছে? দেখাও।

৩

ঘ. উদ্দীপকের বনভূমির একটি খাদ্যজাল দেখাও।

৪

#### ► ১৪নং প্রশ্নের উত্তর ►

ক. বাস্তুতন্ত্রে বিভিন্ন প্রজাতির দ্বারা আন্তঃসম্পর্কযুক্ত অনেকগুলো খাদ্যশৃঙ্খলকে একত্রে খাদ্যজাল বলে।


খ. খাদক ও বিয়োজকের মধ্যে ২টি পার্থক্য নিরূপ :

খাদক	বিয়োজক
১. খাদক উৎপাদকের তৈরি খাদ্য প্রহর করে পুষ্টি লাভ করে।	১. বিয়োজক মৃত জীবদেহ থেকে পুষ্টি লাভ করে।
২. খাদক তৃণভোজী, মাসুশী, এমনকি সর্বভূক হয়।	২. বিয়োজক মৃতজীবী প্রকৃতির হয়।

গ. উদ্দীপকের বনভূমির বাস্তুতন্ত্রে প্রধানত ৬টি খাদ্যশৃঙ্খল আছে। যেমন :

১. ঘাস → ঘাসফড়িং → পিরগিটি → বাজপাখি
২. ঘাস → ঘাসফড়িং → ব্যাণ্ড → বাজপাখি
৩. ঘাস → খরগোশ → বাজপাখি
৪. ঘাস → ইনুর → বাজপাখি
৫. ঘাস → ইনুর → সাপ → বাজপাখি
৬. ঘাস → ঘাসফড়িং → ব্যাণ্ড → সাপ → বাজপাখি

ঘ. উদ্দীপকের বনভূমির জীবগুলো নিম্নে প্রদত্ত খাদ্যজাল তৈরি করে বসবাস করছে-



{ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

শেওলা → কীট পতঙ্গ → ছোট মাছ → বড় মাছ →

ক. উৎপাদক কী?

খ. খাদ্যশৃঙ্খল বলতে কী বুঝি?

গ. উদ্দীপকের জীবগুলি দিয়ে একটি জলজ বাস্তুতন্ত্রের চিত্র অঙ্কন করে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে ছোটমাছের সংখ্যা বেড়ে গেলে বাস্তুতন্ত্রের উপর কী প্রভাব পড়বে— বিশ্লেষণ কর।

১  
২  
৩  
৪

#### ১৫৯ প্রশ্নের উত্তর ▶


ক. উৎপাদক হলো সবুজ উদ্ধিষ্ঠিত যারা নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে।

খ. সৃজনশীল ৪ (খ) নং উত্তর দেখি।

গ. সৃজনশীল ৪ (গ) নং উত্তরের অনুরূপ।

ঘ. উদ্দীপকের খাদ্য শৃঙ্খলাটিতে শেওলা, কীটপতঙ্গ, ছোট মাছ, বড় ব্যাকটেরিয়া ইত্যাদি বাস করে। এখানে শেওলা হলো উৎপাদক। এদের খেয়ে বেঁচে থাকে ছোট ছোট কীটপতঙ্গ। এরা প্রথম স্তরের খাদক। এদের আবার খায় ছোট মাছ যা দ্বিতীয় স্তরের খাদক। ছোট মাছের সংখ্যা বেড়ে গেলে এই খাদ্যশৃঙ্খলাটি সার্বায়কভাবে ভারসাম্যহীন হয়ে পড়বে। কারণ বেশি সংখ্যাক ছোট মাছ বেশি করে কীটপতঙ্গ খেতে শুরু করবে। ফলে কীটপতঙ্গের সংখ্যা কমে যাবে। ফলে ছোট মাছও খাদ্যের অভাবে কমে যাবে। এভাবে হ্রাস-বৃদ্ধির ফলে উক্ত খাদ্যশৃঙ্খলের ভারসাম্য বজায় থাকবে। অতএব, দেখা যাচ্ছে যে, উদ্দীপকের খাদ্যশৃঙ্খলে ছোটমাছের সংখ্যা বেড়ে গেলে আপাতদৃষ্টিতে বাস্তুতন্ত্রের ওপর বিস্তৃপ্ত প্রভাব পড়বে কিন্তু প্রকৃতপক্ষে ভারসাম্য বজায় থাকবে।

#### সৃজনশীল প্রশ্নব্যাংক



উপরে একটি বাস্তুতন্ত্রে উৎপাদক, প্রথম স্তরের, দ্বিতীয় স্তরের ও তৃতীয় স্তরের খাদকদের দেখানো হয়েছে।

- |    |                                                                                                                                  |   |
|----|----------------------------------------------------------------------------------------------------------------------------------|---|
| ক. | খাদ্যজাল কাকে বলে?                                                                                                               | ১ |
| খ. | উৎপাদক ও খাদকের মধ্যে দুটি পার্থক্য লেখ।                                                                                         | ২ |
| গ. | চিত্রে কী দেখানো হয়েছে? আলোচনা কর।                                                                                              | ৩ |
| ঘ. | উদ্বীপকে উল্লেখিত জীবগুলো সম্ভাব্য যে খাদ্যজাল সৃষ্টি করছে তা রেখাচিত্রের দ্বারা দেখাও এবং কী কী খাদ্যশৃঙ্খল দেখা যাবে তা দেখাও। | ৪ |

ঐশী পুরুরে গোসল করার সময় ব্যাঙ, ছোটমাছ, বড়মাছ ও ছোট ছেট উল্লিঙ্ক দেখতে পেল। বাড়ি ফিরে এসব জীবের একত্রে বসবাস সম্পর্কে তার বিজ্ঞান শিক্ষক চাচার মিকট জানতে চাইলে তিনি ঐশীকে বাস্তুতন্ত্র বিস্তারিত বুঝিয়ে বলেন।

- |    |                                                                                           |   |
|----|-------------------------------------------------------------------------------------------|---|
| ক. | প্রাকৃতিক পরিবেশে কয় ধরনের বাস্তুতন্ত্র রয়েছে?                                          | ১ |
| খ. | সর্বোচ্চ খাদক কখন প্রাথমিক বা গোণ স্তরের খাদক হয়ে থাকে? ব্যাখ্যা কর।                     | ২ |
| গ. | ঐশীর পুরুরে কোন ধরনের খাদ্যশৃঙ্খল রয়েছে তা একে ব্যাখ্যা কর।                              | ৩ |
| ঘ. | ঐশীর পুরুরে উপাদানগুলো নির্দিষ্ট বাস্তুসংমিশ্রনে কীভাবে সম্পর্ক গড়ে তোলে তা বিশ্লেষণ কর। | ৪ |

#### | নিচের উদ্বীপকটি গড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

হায়দার হোমেন সাহেব ইলিশ মাছ খেতে খুব তালবাসেন। বাজারে প্রচলিত একটি মাছ তার অত্যন্ত প্রিয়। প্রচলিত অর্থে মেটি মাছ হলেও বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে তা পতঙ্গ সদৃশ প্রাণী। প্রাণীটি লোনা ও স্বাদু দুধরনের পানিতেই বাস করে।

- |    |                                                                                     |   |
|----|-------------------------------------------------------------------------------------|---|
| ক. | ইলিশ মাছ কোন পর্বের অঙ্গীকৃত?                                                       | ১ |
| খ. | গোলকৃমি যে পর্বের অঙ্গীকৃত তার কিছু বৈশিষ্ট্য লিখ।                                  | ২ |
| গ. | উদ্বীপকের প্রাণীটিতে উপস্থিত খাদ্য উপাদান, তার উৎসসহ অভাবজনিত সমস্যাসমূহ উল্লেখ কর। | ৩ |
| ঘ. | জলজ পরিবেশে প্রাণীটি যে খাদ্যশৃঙ্খলের অঙ্গীকৃত তা বিশ্লেষণ কর।                      | ৪ |

#### ১৪ প্রশ্নের উত্তর

- ক. ইলিশ মাছ কর্ডটা (Chordata) পর্বের অঙ্গীকৃত।  
খ. গোলকৃমি নেমাটোডা (Nematoda) পর্বের অঙ্গীকৃত। এর কিছু বৈশিষ্ট্য নিম্নে দেওয়া হলো :

- i. দেহ নলাকার ও পুরু ত্বক দ্বারা আবৃত।
- ii. পৌষ্টিক ও নালী সম্পূর্ণ, মুখ ও পায়ু ছিদ্র উপস্থিতি।
- iii. শ্বসনতন্ত্র ও সংবহনতন্ত্র অনুপস্থিতি।
- iv. সাধারণত একলিঙ্গ।

- গ. উদ্বীপকের প্রাণীটি হচ্ছে চিঠড়ি। চিঠড়িতে উপস্থিত খাদ্য উপাদান হল আমিয়।

আমিয়ের প্রধান উৎস হল মাছ, মাংস, ডিম, দুধ ইত্যাদি খাদ্য। খাদ্যে পরিমিত প্রয়োজনীয় জৈব আমিয় বা মিশ্র আমিয় না থাকলে শিশুর দেহে আমিয়ের অভাবজনিত সমস্যার সৃষ্টি হয়। দেহের স্বাভাবিক বল্দু ও গঠন ক্ষতিগ্রস্ত হয়। দেহে বৃদ্ধি বল্দু বা মৃগিত থাকলে শিশু পুষ্টিহীনতায় ভোগে। এর অভাবে শিশুদের কোয়াশিয়াকরণ ও মেরাসমাস রোগ দেখা দেয়।

- ঘ. উদ্বীপকে উল্লেখিত প্রাণী হল চিঠড়ি যা মূলত জলজ পরিবেশে বসবাস করে।


জলজ পরিবেশে সূর্যালোকের উপস্থিতিতে পরিবেশে বিদ্যমান সবুজ উল্লিঙ্কসমূহ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য তৈরি করে। এরা হলো উৎপাদক। পানিতে রয়েছে অতিক্ষুদ্র আগুবীক্ষণীক প্রাণী যা জু-প্লাঙ্কটন নামে পরিচিত। এরা সবুজ উল্লিঙ্ক থেকে এদের খাবার গ্রহণ করে তাই এরা হল প্রথম স্তরের খাদক। চিঠড়ি জু-প্লাঙ্কটনকে খাবার হিসেবে গ্রহণ করে বিধায় এরা হল দ্বিতীয় স্তরের খাদক। নিম্নে খাদ্য শৃঙ্খলাটি ছক আকারে দেখানো হলো :

সূর্য → সবুজ উল্লিঙ্ক → জু-প্লাঙ্কটন → চিঠড়ি।

- ▣ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন -----//

### প্রশ্ন ।। ১ ॥ চিত্রসহকারে একটি পুরুরের বাস্তুতন্ত্র বর্ণনা কর।

**উত্তর :** পুরুরের বাস্তুতন্ত্রের উৎপাদক হচ্ছে নানা ধরনের ভাসমান স্মৃদ্র আণুবীক্ষণিক জীব। স্মৃদ্র উদ্ভিদদের ফাইটোপ্লাঞ্জিটন এবং স্মৃদ্র প্রাণীদের জু-প্লাঞ্জিটন বলে। ফাইটোপ্লাঞ্জিটন হলো উৎপাদক কিন্তু জু-প্লাঞ্জিটন প্রথম তন্ত্রের খাদক। বিভিন্ন প্রকার জলজ কীট-পতঙ্গ, ছেট মাছ, বিনুক, শামুক ইত্যাদি যারা উৎপাদকদের খায় তারা প্রথম তন্ত্রের খাদক। এদেরকে যারা খায় আরও একটু বড় মাছ তারা দ্বিতীয় তন্ত্রের খাদক। এদের যারা খায় যেমন : কচ্ছপ, বক, ব্যাঙ এরা তৃতীয় তন্ত্রের খাদক। পুরুরে মৃত জীবের উপর ব্যাকটেরিয়া, ছত্রাক বিয়োজকের কাজ করে। এভাবে পুরুরে বসবাসকারী এসব জীবসম্প্রদায় এবং এই শ্রেণীর অজীব উপাদানের মধ্যে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ার দ্বারা পুরুরের বাস্তুতন্ত্র গঠিত হয়েছে।



চিত্র : একটি পুরুরের বাস্তুতন্ত্র

### প্রশ্ন ।। ২ ॥ প্রকৃতি কীভাবে পরিবেশের ভারসাম্য রক্ষা করে আলোচনা কর।

**উত্তর :** প্রকৃতি বাস্তুতন্ত্রে মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করে।

সবুজ উদ্ভিদ খাদ্য তৈরির জন্য অজীব উপাদান যেমন: সূর্যালোক, মাটি, পানি, খনিজ লবণ, কার্বন ডাইঅক্সাইড প্রভৃতির ওপর নির্ভরশীল। সবুজ উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় সূর্যালোকের উপস্থিতিতে মাটি থেকে সংগৃহীত পানি, খনিজ লবণ ও বায়ুর কার্বন ডাইঅক্সাইডের সাহায্যে শর্করা জাতীয় খাদ্য প্রস্তুত করে। জীব উপাদানের অর্থন্ত প্রথম তন্ত্রের খাদক সবুজ উদ্ভিদকে খাদ্য হিসেবে গ্রহণ করে। প্রথম তন্ত্রের খাদককে আবার দ্বিতীয় তন্ত্রের খাদক এবং দ্বিতীয় তন্ত্রের খাদককে তৃতীয় তন্ত্রের খাদকরা খাদ্য হিসেবে গ্রহণ করে। বাস্তুতন্ত্রে অন্য জীব উপাদান বিয়োজক, মৃত উৎপাদক ও খাদকের দেহের বিয়োজন ঘটিয়ে সরল জৈব বৌঝগোপন পরিপন্থ করে। এ সকল জৈব যৌগের কিছু অংশ বিয়োজকরা গ্রহণ করে এবং বাকি অংশ অজৈব লবণ বা মৌলৰূপে প্রকৃতিতে ফিরিয়ে দেয়। এ সকল পরিবর্তিত উপাদানকে গ্রহণ করে উৎপাদক পুনরায় খাদ্য উৎপাদন করে। ফলে বাস্তুতন্ত্রের উপাদানগুলোর জোগান বজায় থাকে। স্তরাং প্রকৃতিতে বিভিন্ন উপাদান একে অন্যের ওপর বিশেষভাবে নির্ভরশীল।

এভাবে প্রকৃতি পরিবেশে জীব ও জড়ের মধ্যে ভারসাম্য রক্ষা করে।

### ■ প্রজেক্ট - - - - //

পরিবেশের কয়েকটি খাদ্যশৃঙ্খল পর্যবেক্ষণ কর। পর্যবেক্ষণ শেষে এসব খাদ্যশৃঙ্খল ব্যবহার করে পোস্টার কাগজে খাদ্যজাল তৈরি কর এবং শ্রেণিতে প্রদর্শন কর।

**উত্তর :** আমাদের নিকট পরিবেশে নিম্নলিখিত খাদ্যশৃঙ্খলগুলো দেখা যায়-

১. ঘাস → ফড়িৎ → শিরগিটি → বাজপাখি
২. ঘাস → ফড়িৎ → ব্যাঙ → বাজপাখি
৩. ঘাস → খরগোশ → বাজপাখি
৪. ঘাস → ইনুর → বাজপাখি
৫. ঘাস → ইনুর → সাপ → বাজপাখি
৬. ঘাস → ফড়িৎ → ব্যাঙ → সাপ → বাজপাখি

এই খুটি খাদ্যশৃঙ্খল ব্যবহার করে একটি পোস্টার তৈরি করি। খাদ্যশৃঙ্খলগুলো নিম্নরূপ একটি খাদ্যজাল তৈরি করে।



চিত্র : পরিবেশের একটি খাদ্যজাল

■ জ্ঞানমূলক -----//

প্রশ্ন ॥ ১ ॥ বাস্তুতন্ত্রের প্রধান উপাদান কয়টি?

উত্তর : বাস্তুতন্ত্রের প্রধান উপাদান দুইটি।

প্রশ্ন ॥ ২ ॥ একটি বাস্তুতন্ত্রে কয় শ্রেণির উপাদান অংশগ্রহণ করে?

উত্তর : একটি বাস্তুতন্ত্রে দুই শ্রেণির উপাদান অংশগ্রহণ করে।

প্রশ্ন ॥ ৩ ॥ উৎপাদক কী?

উত্তর : যে জীব নিজের খাদ্য নিজেই উৎপাদনে সক্ষম তাকে উৎপাদক বলে।

প্রশ্ন ॥ ৪ ॥ বাস্তুতন্ত্রে উৎপাদক কারা?

উত্তর : বাস্তুতন্ত্রে সবুজ উষ্ণিদ্বারাই উৎপাদক।

প্রশ্ন ॥ ৫ ॥ প্রথম স্তরের খাদক কাকে বলে?

উত্তর : যেসব খাদক সরাসরি উৎপাদককে ভক্ষণ করে বেঁচে থাকে, তাদের প্রথম স্তরের খাদক বলে।

প্রশ্ন ॥ ৬ ॥ দ্বিতীয় স্তরের খাদক কাকে বলে?

উত্তর : যেসব খাদক প্রথম স্তরের খাদককে ভক্ষণ করে বেঁচে থাকে, তাদের দ্বিতীয় স্তরের খাদক বলে।

প্রশ্ন ॥ ৭ ॥ তৃতীয় স্তরের খাদক কাকে বলে?

উত্তর : যেসব খাদক দ্বিতীয় স্তরের খাদককে ভক্ষণ করে বেঁচে থাকে, তাদের তৃতীয় স্তরের খাদক বলে।

প্রশ্ন ॥ ৮ ॥ সর্বভুক কাকে বলে?

উত্তর : বাস্তুতন্ত্রের যেসব প্রাণী একাধিক স্তরের খাবার খায় তাদের সর্বভুক বলা হয়।

প্রশ্ন ॥ ৯ ॥ প্লাঙ্কটন কী?

উত্তর : পানিতে ভাসমান ও সঞ্চারমান ক্ষুদ্র ক্ষুদ্র আণুবীক্ষণিক জীবকে প্লাঙ্কটন বলে।

প্রশ্ন ॥ ১০ ॥ ফাইটোপ্লাঙ্কটন কাকে বলে?

উত্তর : পানিতে ভাসমান ও সঞ্চারমান ক্ষুদ্র ক্ষুদ্র আণুবীক্ষণিক উষ্ণিদকে ফাইটোপ্লাঙ্কটন বলে।

প্রশ্ন ॥ ১১ ॥ জু-প্লাঙ্কটন কাকে বলে?

উত্তর : পানিতে বসবাসকারী সঞ্চারমান আণুবীক্ষণিক প্রাণীকে জু-প্লাঙ্কটন বলে।

প্রশ্ন ॥ ১২ ॥ প্রাকৃতিক পরিবেশে কত ধরনের বাস্তুতন্ত্র দেখা যায়?

উত্তর : প্রাকৃতিক পরিবেশে দুই ধরনের বাস্তুতন্ত্র দেখা যায়।

প্রশ্ন ॥ ১৩ ॥ সুন্দরবন কী নামে পরিচিত?

উত্তর : সুন্দরবন ম্যানগ্রোভ বন নামে পরিচিত।

প্রশ্ন ॥ ১৪ ॥ খাদ্য ও খাদকের মধ্যকার সম্পর্ককে কী বলা হয়?

উত্তর : খাদ্য ও খাদকের মধ্যকার সম্পর্ককে খাদ্যশৃঙ্খল বলা হয়।

প্রশ্ন ॥ ১৫ ॥ বাস্তুতন্ত্রে শক্তির মূল উৎস কী?

উত্তর : বাস্তুতন্ত্রে শক্তির মূল উৎস সূর্য।

প্রশ্ন ॥ ১৬ ॥ বাস্তুতন্ত্রে পুষ্টিকর কীভাবে প্রবাহিত হয়?

উত্তর : বাস্তুতন্ত্রে পুষ্টিকর প্রবাহিত হয় চক্রাকারে।

■ অনুধাবনমূলক -----//

প্রশ্ন ॥ ১ ॥ উৎপাদক ও বিয়োজকের মধ্যে পার্থক্য কী?

উত্তর : উৎপাদক ও বিয়োজকের মধ্যে পার্থক্য নিম্নরূপ :

উৎপাদক	বিয়োজক
১. উৎপাদক স্বভাবজী।	১. বিয়োজক পরভোজী।
২. উৎপাদক পরিবেশের অতীব উপাদান থেকে খাদ্য তৈরি করে।	২. বিয়োজক মৃত জীবদেহ থেকে পুষ্টি লাভ করে।
৩. উৎপাদকের দেহে ক্লোরোফিল	৩. বিয়োজকের দেহে ক্লোরোফিল থাকে না।

প্রশ্ন ॥ ২ ॥ একটি বাস্তুতন্ত্রে উৎপাদক গোষ্ঠীর বিনাশ ঘটলে কী ঘটতে পারে?

উত্তর : উৎপাদক গোষ্ঠীর বিনাশ ঘটলে বাস্তুতন্ত্রের খাদ্যশৃঙ্খল ভেঙ্গে পড়বে।

বাস্তুতন্ত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উৎপাদক কর্তৃক প্রস্তুতকৃত খাদ্য প্রহণ করে একটি বাস্তুতন্ত্রের সময় জীবজগৎ বেঁচে থাকে। সুতরাং উৎপাদক গোষ্ঠীর বিনাশ ঘটলে খাদ্যের অভাবে বাস্তুতন্ত্রের ভারসাম্য নষ্ট হয়ে যাবে এবং জীবকুলের ধ্বংস অনিবার্য।

প্রশ্ন ॥ ৩ ॥ মানুষকে সর্বভুক প্রাণী বলা হয় কেন?

উত্তর : মানুষ সকল স্তরের খাদ্য খায় বলে সর্বভুক প্রাণী বলা হয়।

মানুষ যখন ডাল, ভাত, আলু ইত্যাদি খায় তখন প্রথম স্তরের খাদক। যখন মাছ খায় তখন দ্বিতীয় স্তরের খাদক। আবার যখন মাংস খায় তখন তৃতীয় স্তরের খাদক। মানুষ এরূপ একাধিক স্তরের খাদ্য খায় বলে মানুষকে সর্বভুক প্রাণী বলা হয়।

প্রশ্ন ॥ ৪ ॥ একটি খাদ্যশৃঙ্খলের যেকোনো একটি উষ্ণিদ বা প্রাণী যদি শুল্ক হয়ে যায় তবে কী ঘটবে?

উত্তর : খাদ্যশৃঙ্খলের মধ্যে যদি কোনো কারণে একটি উষ্ণিদ বা প্রাণী লুণ্ঠ হয়ে যায় তবে অন্যান্য উষ্ণিদ বা প্রাণী ওই উষ্ণিদ বা প্রাণী ওই খাদ্য প্রহণ করা শুরু করবে। নিজেদের মধ্যেই অন্যান্য উষ্ণিদ বা প্রাণী ওই খাদ্য প্রহণ পরিবর্তিত হয়ে যাবে এবং একটা সময়ের পর প্রাকৃতিক ভারসাম্য ফিরে আসবে।

প্রশ্ন ॥ ৫ ॥ খাদ্যশৃঙ্খল ও খাদ্যজালের মধ্যে পার্থক্য নির্ণয় কর।

উত্তর : খাদ্যশৃঙ্খল ও খাদ্যজালের মধ্যে পার্থক্য নিম্নরূপ :

খাদ্যশৃঙ্খল	খাদ্যজাল
১. ছেট প্রাণী থেকে শুরু করে বড়	১. সম্পর্কবৃক্ষ অবেকগুলো খাদ্যশৃঙ্খলকে একত্রে খাদ্যজাল বলে।
প্রাণী পর্যন্ত শৃঙ্খল আকারে শক্তি প্রবাহের সরল ধারাবাহিকতাকে খাদ্যশৃঙ্খল বলে।	
২. খাদ্যশৃঙ্খল শুরু হয় সবচেয়ে	২. খাদ্যজাল শুরু হয় একটি ছেট প্রাণী দিয়ে আর সমাপ্ত হয় সবচেয়ে বড় প্রাণী দিয়ে।
৩. একটি বাস্তুতন্ত্রে কয়েকটি	৩. একটি বাস্তুতন্ত্রে একটি খাদ্যজাল শৃঙ্খল থাকতে পারে।
খাদ্যশৃঙ্খল থাকতে পারে।	দেখা যায়।

প্রশ্ন ॥ ৬ ॥ ক্লজ বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহ কীভাবে ঘটে তা একটি প্রবাহ চিত্রের সাহায্যে দেখাও।

উত্তর : একটি স্থলজ বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহ যেভাবে ঘটে নিচে প্রবাহ চিত্রের সাহায্যে দেখানো হলো—

সুবুজ উষ্ণিদ → ঘাসফড়িং → ব্যাঙ → সাপ → চিল

(উৎপাদক) প্রথম স্তরের খনক (মিটীয় স্তরের খনক) তৃতীয় স্তরের খনক (সর্বোচ্চ স্তরের খনক)

প্রশ্ন ॥ ৭ ॥ পুরুরের বাস্তুতন্ত্রে যদি বড় মাছের সংখ্যা বেড়ে যায় তাহলে কী ঘটবে  
যাখ্যা কর।

উত্তর : পুরুরের বাস্তুতন্ত্রে যদি বড় মাছের সংখ্যা বেশি হয়ে যায় তাহলে পুরুরে  
কোনো ছেট মাছ থাকবে না এবং ক্ষুদ্র উদ্ভিদ ও প্লাঙ্কটনের সংখ্যা প্রচুর বেড়ে  
যাবে। ফলে পুরুরের পানি দূষিত হয়ে যাবে এবং অঙ্গিজেনের অভাব হয়ে বড়  
মাছগুলো মরে যাবে।

প্রশ্ন ॥ ৮ ॥ প্রাকৃতিক ভারসাম্য মন্ত্রায় বাস্তুতন্ত্রের ভূমিকা মূল্যায়ন কর।

উত্তর : বাস্তুতন্ত্রের দরুন প্রকৃতিতে ভারসাম্য বজায় থাকে। অর্থাৎ একটি জীব অপর  
একটি জীবকে খাদ্য শৃঙ্খলে বেঁধে রাখে। ফলে কোনো জীবের সংখ্যা বাড়তে  
কিংবা সহজে নির্মূল হতে দেয় না। প্রকৃতিতে জীবের সংখ্যার সমতা বজায় থাকে।

যেমন: প্রকৃতিতে যদি কোনো কারণে একটি জীবের সংখ্যা বেড়ে যায় তবে অন্যান্য  
জীবের সংখ্যা এমনভাবে পরিবর্তিত হবে যাতে বাড়তি জীবের সংখ্যা কমে আবার  
পূর্ব অবস্থায় ফিরে আসে।

প্রশ্ন ॥ ৯ ॥ বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহের প্রধান বৈশিষ্ট্য কী কী?

উত্তর : বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহের প্রধান বৈশিষ্ট্য হলো:

ক. শক্তিপ্রবাহ একমুখী।

খ. প্রত্যেক পুষ্টিতন্ত্রে শক্তি হ্রাস পেতে থাকে।